

ইমারত ও পরিকাঠামো নির্মাণ এবং
মেরামতির কাজে
ভারত সরকারের অবশ্য পালনীয় নির্দেশিকা
ও সহায়িকা সমূহের
(CODES & GUIDELINES) ব্যবহার



বিপর্যয় ব্যবস্থাপন দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

ইমারত ও পরিকাঠামো নির্মাণ এবং মেরামতির কাজে
ভারত সরকারের অবশ্য পালনীয় নির্দেশিকা ও সহায়িকা
সমূহের (Codes & Guidelines) ব্যবহার



বিপর্যয় ব্যবস্থাপন বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার

মুখবন্ধ

সমষ্টিগত (সরকারি/অসরকারি) ও ব্যক্তিগত প্রচেষ্টায় দেশব্যাপী উন্নয়নমূলক কাজের প্রধান অঙ্গ হিসাবে পরিকাঠামো ও বিভিন্নপ্রকার ব্যবহারের উদ্দেশ্যে বহুল পরিমাণে ইমারত গড়ে উঠেছে। সরকারি প্রচেষ্টায় পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে এবং শহরাঞ্চলে পৌরসভাগুলির মাধ্যমে বিকেন্দ্রিত উন্নয়নের বিশাল কর্মকাণ্ড ব্যাপকাকারে চালু আছে। কিন্তু দেখা যাচ্ছে যে, বেশকিছু ক্ষেত্রেই উপযুক্ত প্রযুক্তি থাকা সত্ত্বেও নির্মাণে প্রযুক্তির যথাযথ ব্যবহারের অভাবে নির্মিত বস্তুগুলির গুণমান (Quality), কার্যকারিতা (Serviceability) ও স্থায়িত্ব (Durability) আশানুরূপ হচ্ছে না। নির্মাণকাজে ত্রুটির জন্য একদিকে সেগুলি অল্পকালের মধ্যেই খারাপ হয়ে যাচ্ছে বা ঠিকমত কাজ করতে পারছে না; অন্যদিকে পুনঃপুন মেরামতির (Maintenance) খরচ আকাশচুম্বী হয়ে যাচ্ছে এবং প্রত্যক্ষ-পরোক্ষভাবে নাগরিকদের উপর পরিকাঠামো খাতে খরচের বোঝা বাড়ছে।

আর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল, আমাদের রাজ্য দেশের সর্বাধিক প্রাকৃতিক বিপর্যয়-ঝুঁকিপূর্ণ কয়েকটি রাজ্যের মধ্যে অন্যতম এবং পশ্চিমবঙ্গে জনসংখ্যার ঘনত্ব ভারতের মধ্যে সর্বাধিক হওয়ায় এখানে বিপর্যয়ে ক্ষয়ক্ষতির সম্ভাবনাও বেশি। অথচ অধিকাংশত সচেতনতার ও প্রযুক্তিজ্ঞানের অভাবের কারণে এখানে দুর্বল ও বিপর্যয় প্রতিরোধে অক্ষম ইমারত-পরিকাঠামো নিয়তই গড়ে উঠছে। পশ্চিমবঙ্গে বিপর্যয়-ঝুঁকির বিষয় পুস্তিকাটিতে সন্নিবিষ্ট হয়েছে।

বস্তুত বিশেষ করে গ্রাম-শহরে নির্মাণকর্মের সঙ্গে যুক্ত সকলের জ্ঞাতার্থে ও সুবিধার্থেই নির্মাণকাজে সংশ্লিষ্ট প্রতিটি শিক্ষিত ব্যক্তির ও সংস্থার সংগ্রহে অতি প্রয়োজনীয় কয়েকটি নির্দেশিকা-সহায়িকা থাকা উচিত। এই উদ্দেশ্যে উন্নত গুণমানসম্পন্ন নির্মাণপ্রযুক্তি সম্পর্কিত সরকারি নির্দেশিকা (Codes) ও সহায়িকা (Guidelines)-গুলির তালিকা এবং প্রাপ্তিস্থানও দেওয়া হয়েছে। লক্ষণীয়, যে কাঁচা ঘরবাড়ি তৈরির বিষয়েও BIS Code আছে। নির্মাণ ও মেরামতির কাজকে ফলপ্রসূ করে তুলতে অতি স্বল্প পরিসরে কিছু পরামর্শও এতে সন্নিবেশিত হয়েছে।

পুস্তিকাটি প্রকাশের উদ্যোগ নিয়েছেন পশ্চিমবঙ্গ সরকারের বিপর্যয় ব্যবস্থাপনা (Disaster Management) দপ্তর এবং UNDP। বিষয়বস্তু সংকলন করেছেন উত্তর ২৪ পরগণা জেলার প্রকল্প সমন্বয়ক বাস্তুকার শ্রী বিশ্বজিৎ চক্রবর্তী। পুস্তিকাটি যথার্থ কাজে লাগলে এই প্রয়াস সার্থক হবে।

বিপর্যয় ব্যবস্থাপন দপ্তর

পশ্চিমবঙ্গ সরকার

ভূমিকা

সভ্যতা ও আর্থসামাজিক উন্নয়নের সাথে সাথে এর অঙ্গ হিসাবেই ভারতে ও পশ্চিমবঙ্গে ঘরবাড়ি, রাস্তাঘাট, সেতু, কলকারখানা ইত্যাদি দ্রুত বেড়ে চলেছে, দৈনন্দিন জীবনে ঘরে-বাইরে মানুষের প্রয়োজনীয় বস্তুর সংখ্যাও বাড়ছে হ-হ করে। এতরকম বস্তু এই বিরাট দেশের ছড়িয়েছিটিয়ে থাকা বিভিন্ন স্থানে বহু মানুষের দ্বারা তৈরি হচ্ছে, যারা সবাই বস্তুগুলির গুণগত সম্ভাব্য উৎকর্ষ সম্বন্ধে সঠিক সচেতন নয়— এ ছাড়া অসৎ ব্যবসার প্রবণতার বিষয়ে সকলেই কমবেশি জানেন। গুণগত মান উৎকৃষ্ট না হলে প্রয়োজনীয় ব্যবহারযোগ্যতা ও স্থায়িত্ব না থাকায় নির্মিত বস্তুগুলির চাহিদা দেশের ও বিদেশের বাজারে বাড়বে না, আজো আজো জিনিসে ঘর ভরবে— দেশের উন্নয়ন ভয়ানকভাবে ব্যাহত হবে, সৃষ্টি হবে হাজারো সমস্যা। এই সমস্যার থেকে উত্তরণের উদ্দেশ্যে বহু বহু বিষয়ে দেশের শ্রেষ্ঠ বিশেষজ্ঞদের সহায়তায় ভারত সরকার বহুপ্রকার বস্তুর জন্য প্রয়োজনীয় গুণাবলী সংবলিত অবশ্যপালনীয় নির্দেশিকা (Code) এবং সহায়িকা (Guide) পুস্তক ছাপিয়ে জনসাধারণকে অনেক বছর আগে থেকেই সচেতন করার ধারাবাহিক প্রয়াস করে চলেছেন। এতে সমগ্র দেশে যেমন উৎকৃষ্ট মানের বস্তু তৈরি সম্ভব হয়েছে, তেমনই দেশের সর্বত্র বস্তুর উৎপাদনের গুণমানে নিয়ন্ত্রণ (Quality Control) ও সাম্য (Uniformity) বাড়ছে।

বাসস্থান, অফিস, কলকারখানা প্রভৃতির জন্য ইমারত (Building) এবং সর্বপ্রকার পরিষেবা ব্যবস্থাকে কার্যকরী রাখার জন্য রাস্তাঘাট, সেতু, জলসরবরাহ ব্যবস্থা প্রভৃতি পরিকাঠামো (Infrastructure) অপরিহার্য। ভারতের অধিবাসীরা শত সহস্র বছর ধরেই গ্রাম শহর সর্বত্র এগুলির নির্মাণ এবং উন্নতিসাধন করে চলেছেন সমষ্টিগত (সরকারি) ও ব্যক্তিগত প্রচেষ্টার মাধ্যমে অকল্পনীয় পরিশ্রম ও ব্যয়নির্বাহ করে। যেহেতু ইমারত ও পরিকাঠামো সভ্যতার অপরিহার্য প্রধান অঙ্গ, তাই এ-দুটির উন্নয়নে সভ্যতার উন্নতি হয়, আবার এদের ক্ষতিতে সমাজ-সভ্যতা ক্ষতিগ্রস্ত হয়। তাই দেখা যায় বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগজনিত বিপর্যয়ের ধাক্কায় সমাজ-সভ্যতা আবার পিছিয়ে পড়ে— বহু সময়, পরিশ্রম ও অর্থব্যয় বিফলতায় পর্যবসিত হয়। প্রাকৃতিক দুর্যোগের উপর মানুষের হাত নেই, তা পৃথিবীর জন্মলগ্ন থেকেই ঘটে আসছে। কিন্তু ইমারত ও পরিকাঠামোর নির্মাণ যথাযথ গুণমানের হলে অনেক ক্ষেত্রেই প্রাকৃতিক বিপর্যয় (Natural Disaster) -জনিত প্রাণহানি, সম্পত্তিহানি এড়ানো সম্ভব, একথা এখন প্রমাণিত। কারণ বিজ্ঞানের প্রভূত উন্নতির সাথে সাথে উন্নত প্রযুক্তিও আজ মানুষের হাতের মুঠোয়। বর্তমানে এই দুটি বিষয়ে নির্মাণে উৎকর্ষতা আনতে ভারত সরকার যেসমস্ত কোড ও গাইড বার করেছেন, তা পৃথিবীর উন্নত দেশগুলির সঙ্গে সমমানের। এই পুস্তকটিতে কেবলমাত্র Civil Works-এর কোডগুলি স্বল্প পরিসরে উল্লেখ করা হয়েছে।

* * *

বিপর্যয় ব্যবস্থাপনার (Disaster Management) অর্থ বিপর্যয়ের পরে শুধুমাত্র ত্রাণবর্টন নয়— বিপর্যয়ের আগে, বিপর্যয়কালে এবং বিপর্যয়ের পরে সুশৃঙ্খল সমন্বিত সূচাঙ্করূপে করণীয় সমস্ত কর্তব্যের মোট যোগফল। বিপর্যয়ের আগে করণীয় হল বিপর্যয় মোকাবিলার জন্য প্রস্তুতি, বিপর্যয় প্রতিরোধ বা বিপর্যয় নিয়ন্ত্রণের জন্য করণীয় সমস্ত কর্তব্য। বিপর্যয়কালে করণীয় কর্তব্য হল বিপর্যয়ের মোকাবিলা অর্থাৎ আত্মরক্ষা, জরুরিভিত্তিতে বিপন্ন মানুষ ও গবাদি পশুদের

নিরাপদ স্থানে অপসারণ, উদ্ধারকার্য, ন্যূনতম প্রয়োজনীয় খাদ্য, পানীয় জল, অস্থায়ী আশ্রয় ও শৌচালয়, চিকিৎসা ইত্যাদির ব্যবস্থা। আর সমন্বিত সুচারুরূপে সুপরিকল্পিত পুনর্বাসন ও পরিকাঠামোর পুনর্নির্মাণ হল বিপর্যয়ের পরে করণীয় বিষয়।

ভারত সরকার সর্বপ্রকার বিপর্যয়ের প্রকৃত, সার্বিক ও সমন্বিত ব্যবস্থাপনার জন্য একটি বিপর্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত আইন (Disaster Management Act, 2005) ২০০৫ সালে পাশ করেন। এই আইন-বলে নিম্নোক্ত উচ্চসম্মতাসম্পন্ন কর্তৃপক্ষগুলি গঠিত হয়।

জাতীয় বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (National Disaster Management Authority)—

জাতীয়স্তরে এর কাজ হল সমগ্র ভারতে বিপর্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিনির্ধারণ, নির্দেশিকা জারি এবং উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্পগুলির বিপর্যয় প্রতিরোধী চরিত্রের বিচারক্রমে সেগুলির গ্রহণীয়তা নির্ধারণ। দেশের প্রধানমন্ত্রী হলেন এর সভাপতি।

রাজ্য বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (State Disaster Management Authority)—

ভারতের প্রতিটি রাজ্যে গঠিত এই কর্তৃপক্ষের কাজ হল রাজ্যস্তরে বিপর্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি নির্ধারণ, নির্দেশিকা জারি এবং উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্পগুলির বিপর্যয় প্রতিরোধী চরিত্রের বিচারক্রমে সেগুলির গ্রহণীয়তা নির্ধারণ। পশ্চিমবঙ্গে ২০০৭ সালের ১ আগস্ট গঠিত পশ্চিমবঙ্গ রাজ্য বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভাপতি হলেন মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ রাজ্য বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের মন্ত্রী হলেন এর সহসভাপতি এবং মুখ্যসচিব মুখ্য-আধিকারিক (Chief Executive Officer)।

জেলা বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (District Disaster Management Authority)—

২০০৭ সালের ১ আগস্ট পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় গঠিত এই কর্তৃপক্ষের কাজ হল জেলাস্তরে বিপর্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিনির্ধারণ, নির্দেশিকা জারি এবং উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্পগুলির বিপর্যয় প্রতিরোধী চরিত্রের বিচারক্রমে সেগুলির গ্রহণীয়তা নির্ধারণ। জেলা বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভাপতি (Chairperson) হলেন জেলাশাসক, জেলা পরিষদের সভাপতি এর অন্যতর সভাপতি (Co-Chairperson) এবং অতিরিক্ত জেলাশাসক (বিপর্যয় ব্যবস্থাপনা) বা Additional District Magistrate (Disaster Management) হলেন মুখ্য আধিকারিক (C.E.O)।

এ ছাড়া এই আইন-বলে সচিবদের নিয়ে জাতীয়স্তরে ও রাজ্যস্তরে কার্যকরী কমিটি (Executive Committee) গঠিত হয়েছে, যাদের কাজ হল নির্ধারিত নীতির রূপায়ণ। বিপর্যয় ব্যবস্থাপনা শিক্ষার প্রসারের ও প্রশিক্ষণের উদ্দেশ্যে গঠিত হয়েছে জাতীয় বিপর্যয় ব্যবস্থাপনা শিক্ষাপ্রতিষ্ঠান (National Institute of Disaster Management) এবং গঠিত হয়েছে বিপর্যয় মোকাবিলার জন্য বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী (National Disaster Response Force)।

* * *

বিপর্যয়, বিশেষ করে প্রাকৃতিক বিপর্যয়ের ফল ব্যাপক ও ভয়াবহ। ছোটোমাপের মনুষ্যসৃষ্ট বিপর্যয়ের মোকাবিলা ব্যক্তিগত বা পারিবারিক স্তরে সম্ভব হলেও প্রাকৃতিক বিপর্যয়ের সার্বিক ও সফল ব্যবস্থাপনা সমাজের সকলের সম্মিলিত ঐক্যবদ্ধ প্রচেষ্টা ব্যতীত অসম্ভব। তাই আসুন আমরা সকলে উচ্চ-নীচ জাতিগত, সামাজিক, ধর্মীয়, রাজনৈতিক ইত্যাদি ভেদাভেদগুলোকে দূরে সরিয়ে দিয়ে যথার্থ ও সার্বিক বিপর্যয় ব্যবস্থাপনায় অবিলম্বে সচেতন হই, বিপর্যয় প্রতিরোধে ব্যক্তিগত ও সমষ্টিগত সক্ষমতা বাড়াই, বিপর্যয়ের ঝুঁকি কমাই— গড়ে তুলি নিশ্চিত ও নিরাপদ ভবিষ্যৎ।

পশ্চিমবঙ্গে প্রাকৃতিক বিপর্যয়ের সম্ভাবনা ও ঝুঁকি


আমাদের দেশ ভারত পৃথিবীর মধ্যে প্রাকৃতিক বিপর্যয়ে সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত দেশগুলির মধ্যে অন্যতম মূলত অর্থনৈতিক ও সচেতনতার দুর্বলতার কারণে, কাজেই এই দুর্বলতা আমাদের কাটিয়ে উঠতেই হবে। আমাদের দেশে কোনো বিপর্যয়ে প্রাণ ও সম্পত্তির অধিকতর ক্ষয়ক্ষতির কারণ— জনসংখ্যার অত্যধিক ঘনত্ব, বসবাসের পক্ষে অযোগ্য জমিতে বাসস্থান তৈরি, দুর্বল নির্মাণকার্য, অজ্ঞতা, সহানুভূতির অভাব, এখানে এসব হবে না এমন ভিত্তিহীন বিশ্বাস এবং দীর্ঘকাল কোনো বড়ো ধরনের বিপর্যয় না হওয়ায় একপ্রকার নিশ্চিন্ততা।

ভারতের রাজ্যগুলির মধ্যে প্রাকৃতিক বিপর্যয়প্রবণতার দিক থেকে পশ্চিমবঙ্গ প্রথম সারিতে। এ-রাজ্যে পাহাড়, মালভূমি, সমতল, নদীনালা, সমুদ্র উপকূল সবই যেমন আছে, তেমনি আছে ধস, ভূমিকম্প, প্রবল ঘূর্ণিঝড়, বন্যা, খরা, নদীভাঙনের মতো ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়গুলি নিত্যসঙ্গী হয়ে। এই বিপর্যয়ে ক্ষয়ক্ষতি কয়েক গুণ বাড়িয়ে দিয়েছে পশ্চিমবঙ্গে জনসংখ্যার বিস্ফোরণ (Population Explosion)।

২০০১ সালের জনগণনার হিসাবেই এ-রাজ্যে জনসংখ্যার ঘনত্ব (Population Density) ভারতের রাজ্যগুলির মধ্যে সর্বাধিক— প্রতি বর্গকিলোমিটারে ৯১০ জন। অর্থাৎ এ-রাজ্যের গ্রাম শহর সর্বত্রই কম জায়গায় সর্বাধিক মানুষের বাস, যে-কোনো বিপর্যয়েই ক্ষয়ক্ষতির ঝুঁকিও (Risk) তাই সর্বাধিক। উপরন্তু মানুষের সচেতনতার, ইমারত-পরিকাঠামোর সুপারিকল্পনার ও মজবুতির এবং পরিশেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলির মধ্যে সমন্বয়ের সমূহ অভাব বিপদের ঝুঁকি আরও বাড়িয়েছে।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলির কোন অঞ্চলে সাইক্লোন বা ঘূর্ণিঝড়, ভূমিকম্প ও বন্যায় কত বেশিমাত্রায় ক্ষতি করতে পারে তা সংবলিত তিনটি মানচিত্র নীচে দেওয়া হল, এগুলি ভারত সরকার কর্তৃক প্রকাশিত ও সর্বজনগ্রাহ্য।


পশ্চিমবঙ্গে ঘূর্ণিঝড়জনিত ক্ষয়ক্ষতির সম্ভাবনা এবং বায়ুর সম্ভাব্য সর্বোচ্চ গতিবেগ



উপরের মানচিত্র অনুযায়ী সমগ্র উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা-হাওড়া-হুগলী-পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলা, বাঁকুড়া-বর্ধমান-নদীয়ার দক্ষিণাংশ ও সমগ্র কলকাতা অতি প্রবল ঘূর্ণিঝড়প্রবণ অঞ্চল। মানচিত্র অনুযায়ী এখানে বায়ুর সম্ভাব্য সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১৮০ কিমি, কিন্তু প্রকৃতিবিজ্ঞানীদের মতে পৃথিবীর উষ্ণায়নের ফলে এই গতিবেগ ঘণ্টায় ২০০-২৫০ কিমি হওয়া অসম্ভব নয়। পুরুলিয়া জেলার পশ্চিমাংশ মাঝারি মাত্রার ঘূর্ণিঝড়প্রবণ অঞ্চল (বায়ুর সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১৪০ কিমি) এবং রাজ্যের বাকি সমস্ত এলাকা প্রবল ঘূর্ণিঝড়প্রবণ অঞ্চল (বায়ুর সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১৭০ কিমি)।

সাইক্লোনের সময় প্রচণ্ড বৃষ্টিপাতের ফলে অনেক সময়ই বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। সাইক্লোনের সময় প্রচণ্ড গতিতে বাতাস সমুদ্রতীরের দিকে ধেয়ে আসার ফলে সমুদ্রে জলোচ্ছ্বাসেরও সৃষ্টি হয়। এই জলোচ্ছ্বাসের ঢেউ উপকূল অঞ্চলের বেশ কয়েক কিলোমিটার এলাকায় ধ্বংসলীলা চালায় ও প্লাবিত করে। আমরা সম্প্রতি আয়লার (২০০৯) ধ্বংসলীলা দেখেছি। এক্ষেত্রে বায়ুর সর্বোচ্চ গতিবেগ ছিল ঘণ্টায় ১২০ কিমি। আমাদের সর্বদা খেয়াল রাখতে হবে যে আমরা পশ্চিমবঙ্গে যে-কোনো বছরের মে থেকে মাঝ-ডিসেম্বর মাসের মধ্যে আরও অনেক বেশি গতিবেগসম্পন্ন ঘূর্ণিঝড়ের সম্মুখীন হতে পারি।

পশ্চিমবঙ্গে ভূমিকম্পজনিত ক্ষয়ক্ষতির সম্ভাবনা





ভূমিকম্প কয়েক সেকেন্ড বা কয়েক মিনিট মুহূর্তের মধ্যে প্রচণ্ড আঘাত করে। আর ভূমিকম্পের পূর্বাভাস পাওয়াও সম্ভব নয়, কারণ এখনও ভূমিকম্পের নিশ্চিতভাবে পূর্বাভাস দেবার মতো যন্ত্র কোথাও আবিষ্কৃত হয়নি। তাই ভূমিকম্পের মুহূর্তের ঝটকায় আমাদের দেশে বিশেষত ঘিঞ্জি শহরাঞ্চলে ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে।

ভূমিকম্পের প্রাথমিক ঢেউ ('P' Wave) শব্দতরঙ্গের মতোই উৎপত্তিস্থল অর্থাৎ ভূমিকম্পের কেন্দ্র (Focus বা Hypocentre) থেকে পাথরের স্তরের মধ্য দিয়ে সবদিকে ছড়িয়ে যায়, গতিবেগ নরম স্তরীভূত শিলার মধ্য দিয়ে সেকেন্ডে ১.৮ কিমি (ঘণ্টায় ৬,৫০০ কিমি) ও শক্ত চটান শিলার মধ্য দিয়ে সেকেন্ডে ৮ কিমি (ঘণ্টায় ২৯,০০০ কিমি) হওয়া সম্ভব। মাটির উপর ভয়ংকর ক্ষয়ক্ষতি হয় পরবর্তী ঢেউয়ের ('S' Wave) থাকায়। শক্তিশালী ভূমিকম্পের ফলে উঁচু ও নীচু পাকা ও কাঁচা সব রকমের দুর্বল ঘরবাড়ি, রাস্তা, রেলপথ, সেতু, উড়ালপুল, বাঁধ, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, জল সরবরাহ ব্যবস্থা, টেলিফোন যোগাযোগ ইত্যাদি সহ সমগ্র পরিকাঠামো সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত বা বিধ্বস্ত হতে পারে। এ ছাড়া ব্যাপক অগ্নিকাণ্ড হওয়াও সম্ভব। সমুদ্রের জলের নীচে বা জলের নিকটে তীরে শক্তিশালী ভূমিকম্পের ফলে সুনামিও হতে পারে। ভূমিকম্পের ফলে কেবল পাহাড়ি অঞ্চল ক্ষতিগ্রস্ত হয়, পলিমাটি দিয়ে তৈরি অঞ্চলের (যেমন সমগ্র দক্ষিণবঙ্গের ব-দ্বীপ) কোনো ক্ষতি হয় না, এই ধারণা ভিত্তিহীন।

কয়না (১৯৬৭), বিহার-নেপাল সীমান্ত (১৯৮৮), ইম্ফল (১৯৮৮), উত্তর কাশী (১৯৯১), কিল্লারি, লাভুর (১৯৯৩), জব্বলপুর (১৯৯৭), চামোলি (১৯৯৯), ভুজ (২০০১), কাশ্মীর (২০০৫) ভারতে সাম্প্রতিক কালে বড়ো ভূমিকম্পের ঘটনা। অতীতে বিহার-নেপাল সীমান্ত বা বাংলাদেশে উৎপন্ন হওয়া ভূমিকম্পের ফলেও পশ্চিমবঙ্গ বিভিন্ন সময় ক্ষতিগ্রস্ত হয়েছে। আমরা গুজরাতে ভুজ শহরের নীচে উৎপন্ন ভূমিকম্পের (২০০১) ফলে ওই শহরকে ঘিরে বহুবিস্তৃত এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতির স্মৃতি নিশ্চয়ই ভুলে যাইনি। এর ফলে শুধু ভুজ শহর ধ্বংস হয়নি, সেখান থেকে প্রায় ২০০ কিমি দূরে আমেদাবাদ শহরেরও অনেক ঘরবাড়ি ভেঙে পড়েছিল।

১৯১৫ সালে স্যার আলফ্রেড ওয়েজেনার নামে এক জলবায়ু বিশেষজ্ঞ ও ভূপদার্থবিদ তাঁর Origin of Continents and Oceans (মহাদেশ ও মহাসাগরসমূহের সমুদ্রসমূহের উৎপত্তি) শীর্ষক পুস্তকে ভূত্বকের খণ্ডিত অংশগুলির (Plates) চলাচল সম্বন্ধে প্রথম অনুমান করেন। পরে বিজ্ঞানের দ্বারা এ-সত্য প্রতিষ্ঠিত হয় যে, কোনো স্থানে মাটির নীচে অবস্থিত শিলাস্তরে ফাটল ও চ্যুতি (Fault) থাকলে ভূত্বকের খণ্ডিত অংশগুলির চলাচলের ফলে সেখানে ভূমিকম্প হবার সম্ভাবনা বেশি থাকে। পশ্চিমবঙ্গের মাটির নীচে শিলাস্তরে ফাটল ও চ্যুতির উপস্থিতির দুটি চিত্র নীচে দেওয়া হল।






দক্ষিণবঙ্গে শিলাস্তরের
উপরিভাগের
কলকাতাকেন্দ্রিক
মানচিত্র

কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে সর্বাধিক ৬.৫ রিখটার মাত্রার ভূমিকম্প হতে পারে। একটি আন্তর্জাতিক সমীক্ষার আন্দাজ (Assessment) অনুযায়ী ওই মাত্রার ভূমিকম্প হলে এতদঞ্চলের বর্তমান বহু দুর্বল ঘরবাড়ি (প্রায় ৪০-৫০%) ভেঙে পড়তে বা ফেটে যেতে পারে।

পশ্চিমবঙ্গে বন্যা, খরা ও নদীভাঙনজনিত ক্ষয়ক্ষতির সম্ভাবনা

বন্যাজনিত বিপর্যয় পশ্চিমবঙ্গের নিত্যসঙ্গী, এ-বিষয়ে সকলেরই কমবেশি অভিজ্ঞতা আছে।



পশ্চিমবঙ্গের বন্যাপ্রবণ এলাকার মানচিত্র

পশ্চিমবঙ্গের খরা ও
নদীভাঙনপ্রবণ অঞ্চলের
মানচিত্র

■ Drought
■ River Erosion



উপরের মানচিত্রগুলির এবং এই পুস্তিকার উল্লিখিত নির্দেশিকা (Code) ও সহায়িকাগুলির (Guide) সম্বন্ধে সম্যক জেনে এগুলির সহায়তা নিয়ে এ-রাজ্যে ইমারত ও পরিকাঠামোগুলিকে যথাসম্ভব বিপর্যয় প্রতিরোধী (Disaster Resistant) করে গড়ে তুলে রাজ্যবাসীর সামগ্রিক বিপর্যয়-ঝুঁকি হ্রাসকরণের (Disaster Risk Reduction) দায় ও দায়িত্ব প্রথমত পশ্চিমবঙ্গের সমস্ত নীতিনির্ধারক, প্রশাসক (সর্বস্তরে) এবং নির্মাণ কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত কারিগরি/স্থাপত্য বিশেষজ্ঞ-মিস্ত্রি-ঠিকাদার-নির্মাণদ্রব্য সরবরাহকারী সকলেরই। দ্বিতীয়ত আপামর জনসাধারণের— যাদের সচেতনতা ও সক্রিয়তাই হচ্ছে এর মূল চাবিকাঠি।

আসুন আমরা সবাই মিলে যুক্তি ও বিজ্ঞাননির্ভর পথে সচেতনভাবে গড়ে তুলি এক নিরাপদ ও উন্নত পশ্চিমবঙ্গ যা সুস্থ স্বাভাবিক জীবন দেবে আমাদের ও ভবিষ্যৎ প্রজন্মদের।

BIS কোড কী ?

আধুনিক সভ্যতা বহুলভাবে বস্তুনির্ভর। ঘরে-বাইরে সর্বত্র অসংখ্যরকম বস্তু বহুবিধ কাজে বহুভাবে ব্যবহৃত হচ্ছে। এগুলির ব্যবহারে উদ্দিষ্ট প্রয়োজন কত ভালোভাবে মিটেবে তা নির্ভর করে ব্যবহৃত বস্তুর গুণমান ও ব্যবহারের পদ্ধতির উৎকর্ষের উপর। সমগ্র দেশের বিভিন্ন স্থানে বস্তুসমূহের উৎপাদন অনিয়ন্ত্রিত হলে একই বস্তুর গুণমান বিভিন্ন স্তরের হয়। তাই সমগ্র দেশের জন্য প্রয়োজ্য একটি নির্দিষ্ট মানদণ্ড থাকা আবশ্যিক যা উৎপাদিত বস্তুর গুণমান নির্ধারণ করতে যেমন সাহায্য করবে তেমনি উৎকৃষ্ট মানের বস্তুর উৎপাদনেও সাহায্য করবে। আমাদের দেশে বস্তুসমূহের গুণমান নিয়ন্ত্রণের জন্য ১৯৫৭ সালে ভারত সরকার কর্তৃক ভারতীয় মানক সংস্থা বা Indian Standard Institution (সংক্ষেপে ISI) নামে একটি সর্বজনগ্রাহ্য সংস্থা স্থাপিত হয়। উচ্চতম স্তরের বিশেষজ্ঞদের নিয়ে গঠিত এই সংস্থার ওপর দায়িত্ব ছিল সমগ্র দেশে যথেষ্ট উন্নত ও সুযম (Uniform) গুণমানবিশিষ্ট বস্তুসমূহের উৎপাদনের জন্য যথাযথ নির্দেশিকা পুস্তিকা (Guide Book) জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা, উৎপাদিত বস্তুসমূহের মান নির্ধারণ এবং যথাযথ গুণমানবিশিষ্ট বস্তুর চিহ্নিতকরণ ও শংসাপত্র প্রদান (Certification)। যথাযথ গুণমানবিশিষ্ট ও ভারতীয় মানক সংস্থা দ্বারা স্বীকৃত (Certified) বস্তুগুলির উপর সংশ্লিষ্ট উৎপাদক সংস্থা ISI মোহর লাগানোর অধিকার লাভ করে। ফলে ক্রেতা-সাধারণের পক্ষে যেমন ওই মোহর দেখে উচ্চমানের বস্তু চেনা সম্ভব হয় তেমনি বাজারে উচ্চমানের বস্তুসমূহের মান নিয়ন্ত্রিত উৎপাদন ও সরবরাহ করা উৎপাদকদের পক্ষে সহজ হয়। যে-কোনো বস্তুর উপর এই ISI মোহর লাগাতে হলে বস্তুটির উৎপাদন সংশ্লিষ্ট নির্দেশিকা মেনে অবশ্যই করতে হয় এবং উৎপাদক সংস্থাকে মোহর ব্যবহারের জন্য ISI সংস্থার কাছ থেকে স্বীকৃতি লাভ করতে হয়— অন্যথায় এই মোহর ব্যবহার বেআইনি শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হয়। তাই উপরোক্ত প্রতিটি নির্দেশিকাকে IS Code বলা হয় এবং বিপুল সংখ্যক নির্দেশিকাভাণ্ডারের মধ্যে প্রতিটি নির্দেশিকাকে সহজে খুঁজে পাবার সুবিধার্থে IS (Indian Standard) ও একটি ক্রমিক সংখ্যা (যেমন IS-875) দ্বারা নির্দিষ্ট করা হয়।

প্রতিটি নির্দেশিকা তৈরির জন্য দেশের উচ্চতম স্তরের বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি নির্দেশিকা সমিতির (Code Committee) ওপর দায়িত্ব থাকে এবং কমিটির প্রত্যেক সদস্যের নাম ওই কোডের মধ্যেই উল্লিখিত থাকে। অধিকাংশ ক্ষেত্রেই এই নির্দেশিকাগুলির মান সর্বোচ্চ আন্তর্জাতিক মানের (International Standard) সমান বা কাছাকাছি। এই নির্দেশিকাগুলিকে আগে ISI Code বলা হতো। ১৯৮৬ সালে ভারত সরকার BIS Act, 1986 আইন জারি করে ভারতীয় মানক সংস্থার ইংরেজি নামটির পরিবর্তন করে Bureau of Indian Standards (সংক্ষেপে BIS) নাম দেয় কিন্তু দেশীয় নামটি এবং ISI মোহর একই থেকে যায়। ফলত এরপর থেকে সব কোডগুলিকেই BIS Code বলা হয়। ওই সংস্থা বেশকিছু বিশেষ সহায়ক পুস্তক (Special Publication)-ও প্রকাশ করে— এগুলিকে (SP) দ্বারা চিহ্নিত করা হয়। (যেমন SP:16)।

ভারতীয় মানক সংস্থা এ পর্যন্ত বিভিন্ন প্রকার বিষয়ে প্রায় ১৯০০০ কোড প্রকাশ করেছে। খুঁটিনাটি যন্ত্রপাতি, নির্মাণদ্রব্য ও নির্মাণপদ্ধতি (যেমন বাড়ি তৈরি) প্রভৃতি বহু বিষয়ের উপরও নির্দেশিকা (BIS কোড) আছে। ক্রেতাসাধারণের সুবিধার্থে ওই সংস্থা Buyers Guide নামে উৎপাদিত বস্তুর উপর ISI মোহর ব্যবহারের অনুমোদন লাভকারী উৎপাদকদের তালিকা সংবলিত পুস্তকও প্রকাশ করে থাকে।

ইমারত (Building)

ইংরেজি Building শব্দের অর্থ নির্মাণ— তা যে-কোনো জিনিসই হোক। ইমারত (Building) বলতে কেবল বাসস্থান বা মানুষ থাকার বাড়ি বোঝায় না, ব্যবহারের ভিন্নতা হিসাবে এগুলির পৃথক পৃথক নাম ও বৈশিষ্ট্য আছে যা BIS কোড IS-875 ও SP-41-এ পাওয়া যাবে। যেমন বসতবাটি (Residential Building পাকা বা কাঁচা), কারখানা (Industrial Building), বাণিজ্যিক ইমারত (Mercantile Building), গুদাম (Storage Building) ইত্যাদি। ইমারতই বাস্তু ও স্থাপত্যশিল্পের সর্বপ্রাচীন, সর্ববৃহৎ ও সর্বাপেক্ষা বৈচিত্র্যময় বিষয়। তাই বিভিন্ন প্রকার ইমারতের খুঁটিনাটি বিষয়ে ভারতীয় মানক সংস্থার (BIS) শত শত নির্দেশিকা (Code) আছে, যেগুলির সংক্ষিপ্ত আলোচনাও স্বল্পপরিসরে করা অসম্ভব। যে-কোনো প্রকার ইমারতের বিবেচ্য বিষয়গুলিকে মূলত ২ (দুই) ভাগে ভাগ করা যায়—

১) কাঠামোগত (Structural)— যা ইমারতের বিভিন্ন অংশের বা গোটা ইমারতটির আকার, আয়তন, মজবুতি (Strength), স্থিতিস্থাপকতা (Stability), আয়ু (Durability) ইত্যাদি সম্পর্কিত।

২) অ-কাঠামোগত (Non-structural)— যা ইমারতের বহিরঙ্গের বিভিন্ন বিষয় যথা সৌন্দর্য, ব্যবহারের সুবিধা/অসুবিধা, স্থান-সংকুলান (Space), আসবাবপত্র (Furniture and fixtures), নিরাপত্তা (Safety and Security) প্রভৃতি সম্পর্কিত।

বিভিন্ন ধরনের বসতবাটি (Residential Building) বছরকম নির্মাণদ্রব্য ও অনেক প্রকার নির্মাণপদ্ধতি ব্যবহার করে তৈরি করা হয়। ভারতের, এমনকী পশ্চিমবঙ্গেরও, বিভিন্ন অঞ্চলে বসতবাটি নির্মাণ কারিগরির মধ্যে আঞ্চলিক ভিন্নতা দেখা যায়। সাধারণত বিভিন্ন অঞ্চলের ভৌগোলিক, প্রাকৃতিক, জলবায়ুগত, সামাজিক, সাংস্কৃতিক (রুচিগত) ও অর্থনৈতিক বৈশিষ্ট্যের এবং শত শত বছরের পরীক্ষানিরীক্ষা অভিজ্ঞতার ওপর ভিত্তি করেই আঞ্চলিক তারতম্য বিশিষ্ট বহুপ্রকার নির্মাণ কারিগরি (Building Technology) কালে কালে গড়ে উঠেছে— আবার কিছু কিছু অবলুপ্ত হয়েছে। তাই যে-কোনো ধরনের ইমারত তৈরির ক্ষেত্রে এই স্থানীয় নির্মাণ কারিগরি (Indigenous Building Technology) ভালো দিকগুলিকে যথাসম্ভব ও যথোপযুক্ত (Appropriate)-ভাবে গ্রহণ করা উচিত। স্বল্প পরিসরে ইমারত বিষয়ে বিশেষ গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য বস্তুগুলি সংক্ষেপে নিম্নরূপে উপস্থাপিত করা হল। কিন্তু কার্যক্ষেত্রে যথাযথ নির্মাণের স্বার্থে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রয়োজনীয় খুঁটিনাটি বিষয়ে বিশদ জানা থাকতে হবে এবং এজন্য প্রয়োজনমতো সংশ্লিষ্ট BIS কোডগুলির নির্দেশ অনুযায়ী কাজ করলে তবেই সেই ইমারতকে যথার্থ গুণমানসম্পন্ন বলা যাবে।

কারিগরিগত দিক থেকে বসতবাটিগুলিকে মূলত তিন ভাগে ভাগ করা হয়—

A) সম্পূর্ণ বিজ্ঞানসম্মত কারিগরি সহায়ে তৈরি ইমারত (Engineered Building)— যে ইমারত নির্মাণের প্রতিপদে বিজ্ঞানসম্মত কারিগরি দ্বারা হিসাব করে প্রতিটি অংশ কোনো বাস্তুকার/বাস্তুবিদ (Civil Engineer) ও স্থাপত্যবিদ (Architect)-এর পরামর্শ অনুসারে এবং প্রত্যক্ষ তত্ত্বাবধানে নির্মাণকার্য সম্পন্ন হয় তা এই প্রকার ইমারত যা সর্বাধিক নিরাপদ। একজন বাস্তুকারের সাধারণ আয়তনের (Size) ইমারতের সার্বিক পরিকল্পনা ও ছোটোবড়ো সর্বপ্রকার আয়তনের ইমারতের মজবুতি সম্বন্ধে জ্ঞান থাকার কথা। আর মাঝারি থেকে বিশাল আয়তনের বিল্ডিংয়ের এবং সুপারিকল্পিত শহরাঞ্চলের ক্ষেত্রে সার্বিক পরিকল্পনা দেবার মতো বিশেষজ্ঞ হলেন একজন স্থাপত্যবিদ (Architect)। সাধারণত সুশিক্ষিত অভিজ্ঞ বাস্তুবিদের প্রত্যক্ষ নির্দেশে তৈরি ছোটো/বড়ো দালানগুলি এই জাতীয়।

B) আংশিক বিজ্ঞাননির্ভর এবং আংশিক কারিগরিসহায়ে তৈরি (Semi-Engineered) ইমারত— এই ধরনের ইমারত কোনো বাস্তুবিদের স্বল্প সহায়তায় ও পরামর্শে নির্মিত।

C) কোনো বাস্তববিদ বা স্থাপত্যবিদের সহায়তা ছাড়াই কেবলমাত্র মিস্ত্রিদের দ্বারা ও পরামর্শ অনুযায়ী যেসব ইमारত অবৈজ্ঞানিকভাবে নির্মিত হয় সেগুলিকে বলে Non-Engineered Building— তা পাকা বা কাঁচাবাড়ি যাই হোক-না-কেন। আমাদের দেশের সর্বপ্রকার কাঁচা ও আধ-কাঁচা বাড়িই এই জাতের। অধিকাংশ পাকা বসতবাড়িও প্রায় তাই-ই।

উপরের আলোচনার প্রেক্ষিতে বিজ্ঞান-অভিজ্ঞতা নির্ভর (Engineered) এবং কেবলমাত্র অভিজ্ঞতা নির্ভর অবৈজ্ঞানিক অব্যাহ্যত (Non-Engineered)-এই দুই ধরনের ইमारতের সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা করা হচ্ছে। কারখানার (Industrial Building) সবকিছু এখানে পাওয়া যাবে না।

১) ইमारতের কাঠামোগত দিকসমূহ (Structural Aspects of Buildings)

ক) পরিকল্পনা (Planning)

যে-কোনো ইमारতের ভিতরে ঘর-বারান্দা ইত্যাদির অবস্থান, আয়তন এবং আলো-বাতাসের ব্যবস্থা যে কাজে ব্যবহারের উদ্দেশ্যে ইमारতটি তৈরি হবে তার সঙ্গে সম্পূর্ণ সংগতিপূর্ণ হতে হবে। বসতবাড়ির পরিকল্পনায় ব্যবহারকারীদের সামাজিক, সাংস্কৃতিক (ক্ৰটিগত), অর্থনৈতিক ও সুবিধা-অসুবিধার বিষয় এবং সেই স্থানের ভৌগোলিক, জলবায়ু (প্রকৃতিগত), নির্মাণদ্রব্যের সুলভতার বিষয়গুলিকে সর্বাধিক প্রাধান্য দিতে হবে। সেই স্থানের সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগের (Natural Hazard) বিষয়েও যথেষ্ট সাবধান ও যত্নবান হতে হবে। সমস্ত ক্ষেত্রেই স্বাস্থ্যসহায়ক সার্বিক কল্যাণকর পরিকল্পনা সংশ্লিষ্ট সরকারি নির্দেশাবলি (Codes) মেনে ও সহায়ক পুস্তক থেকে সহায়তা নিয়ে করতে হবে। পশ্চিমবঙ্গে পৌরসভা এলাকাগুলির মত গ্রাম পঞ্চায়েত অঞ্চলেও West Bengal Municipal (Building) Rules, 2007 জাতীয় আইন লাগু হওয়া উচিত নচেৎ কুপরিকল্পিত, অস্বাস্থ্যকর, বিপর্যয় সম্ভাবনাপূর্ণ ইमारতে রাজ্য ছেয়ে যাচ্ছে। পরিকল্পনা ও নির্মাণের ক্রটির জন্য সংশ্লিষ্ট বাস্তববিদ, স্থাপত্যবিদ, মিস্ত্রি সকলেরই দায় বর্তমানের আইনি ব্যবস্থাও ধীরে ধীরে করা প্রয়োজন নয় কি? তবে দুর্ভাগ্যবশত আমাদের দেশে ইঞ্জিনিয়ার আর্কিটেক্টদের জন্য কলেজ থাকলেও মিস্ত্রিদের জন্য কোনো প্রশিক্ষণের ব্যবস্থা নেই— অবিলম্বে এর জন্য যথেষ্ট ব্যবস্থা এবং মিস্ত্রিদের জন্যও প্রশিক্ষণ বাধ্যতামূলক আগে করা উচিত।

ব্যবহারকারীর অর্থনৈতিক ক্ষমতার মধ্যেই সর্বাধিক সুবিধায়ুক্ত ও দৃষ্টিনন্দন (Aesthetic) অথচ মজবুত ইमारতের পরিকল্পনা গ্রহণ করতে হবে। সেই অঞ্চলের প্রাকৃতিক বিপর্যয়প্রবণতা (Natural Disaster Proneness), ভঙ্গুরতা (Vulnerability) বিচার করে সর্বোত্তম বিপর্যয় প্রতিরোধী ক্ষমতা ইमारতকে দিতে হবে। প্রায় সমগ্র পশ্চিমবঙ্গই প্রবল/অতি প্রবল ঘূর্ণিঝড়, মাঝারি/প্রবল/অতি প্রবল ভূমিকম্প ও বন্যাপ্রবণ। উত্তরের পাহাড়ি অংশে আবার ধসজনিত বিপর্যয়-প্রবণতাও আছে। বিপর্যয় প্রতিরোধের সুবিধার জন্য গোটা ইमारতের আকার ইংরেজি U, T, L-এর মতো হওয়া উচিত নয়, যথাসম্ভব আয়তাকার হওয়া উচিত। তবে তা যদি করতেই হয় তবে গোটা ইमारতকে মাঝে মাঝে ফাঁক (Gap) রেখে একাধিক আয়তাকার অংশে ভাগ করে নিতে হবে। একই ইमारতের বিভিন্ন অংশ বৈজ্ঞানিক-অবৈজ্ঞানিক প্রযুক্তিযুক্ত, কাঁচা-পাকা, এমনকী শুধু গাঁথুনি-ঢালাইফ্রেমের তৈরি খিচুড়ি হওয়া চলবে না, যে-কোনো একই ধরনের প্রযুক্তি/কারিগরি ও নির্মাণদ্রব্যসমূহ দিয়ে সমগ্র ইमारতটি তৈরি হতে হবে। একটি গোটা ইमारতের আকারকেন্দ্র (Centroid) ও ভারকেন্দ্র (Centre of Gravity)-কে একই বিন্দুতে রাখার সাধ্যমতো চেষ্টা করতে হবে। মাথাভারি ইमारতের পরিকল্পনাও পরিত্যজ্য। অনেকগুলি বাড়ি (Group housing)-এর ক্ষেত্রে বাড়িগুলির দৈর্ঘ্যের বাহুগুলি একই সরলরেখায় রাখলে চলবে না। যথোপযুক্ত প্রযুক্তি না জানা থাকলে দেওয়ালহীন তল (Stilt) ও তিন ফুটের অধিক বুলবারান্দাও (Balcony) করা চলবে না। পশ্চিমবঙ্গের প্রেক্ষিতে দেখা গেছে সব জেলাতেই সম্ভাব্য সর্বোচ্চমাত্রার ভূমিকম্প প্রতিরোধী ইमारত তৈরি করলে তা সেই অঞ্চলে সম্ভাব্য সর্বোচ্চ ঘূর্ণিঝড় (Cyclone)-কেও প্রতিরোধ করতে পারবে। নীচু জমিতে বাড়ি তৈরি করা উচিত নয়, অনন্যোপায় হলে

জমিটিকে উঁচু করে নিতে হবে, কিন্তু নবীন ভরাট মাটির ওপর ভিত রাখা চলবে না, ভারবহনে সক্ষম জমিতেই ভিত তৈরি করতে হবে। একটানা লম্বা দেওয়াল তৈরি সাধারণভাবে নিষেধ, বড়ো দেওয়ালকে ঢালাই (RCC) Band দিয়ে ছোটো ছোটো অংশে ভাগ করে শক্তি বাড়াতে হবে। যথাযথ প্রযুক্তি-কারিগরির প্রয়োগে গ্রাম-শহরে ঘূর্ণিঝড়-ভূমিকম্প-বন্যা প্রতিরোধী কাঁচাবাড়ি নির্মাণ সম্ভব। বর্তমান (Existing) পাকা-কাঁচা বাড়িগুলিকেও বিশেষ Retrofitting পদ্ধতিতে অধিকতর মজবুতি দেওয়া যায়। অগ্নিনিরাপত্তার জন্য IS: 1641-1988 কোড অনুসারে কাজ করতে হবে।

খ) নির্মাণ (Construction)

একটি সুপরিকল্পিত ইमारতেরও নির্মাণের গুণগত মান যথার্থ ভালো না হলে তা বেশি দিন চলে না। সংশ্লিষ্ট BIS কোড অনুসারে গুণমান বজায় রেখে (Quality Control) শুরু থেকে শেষ পর্যন্ত কাজ করতে হবে, কোথাও টিলেমি হলেই খারাপ।

গ) মেরামতি ও রক্ষণাবেক্ষণ (Repair & Maintenance)

সর্বোৎকৃষ্ট নির্মাণদ্রব্য ব্যবহার করে যথাযথভাবে নিয়মিত মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ করতে হবে, তাতে পাকা বা কাঁচা যে-কোনো ইमारতেরই কার্যকরী আয়ু বাড়বে।

২) ইमारতের অকাঠামোগত দিকসমূহ (Non-structural Aspects of Building)

ইमारতের মধ্যে জল-আলো ইত্যাদি দৈনন্দিন আবশ্যিক বস্তুর সুবিধা, স্বাস্থ্যকর পরিবেশ, আভ্যন্তরীণ নিরাপত্তা, বিপর্যয়মোকাবিলা ও নিয়ন্ত্রণ (Disaster Response & Mitigation) সম্বন্ধে সকলের সচেতনতা ও প্রস্তুতি প্রভৃতি হল একটি ইमारতের অকাঠামোগত দিক। ইमारতের (পাকা ও কাঁচা) কাঠামো মজবুত হলেও প্রচণ্ড ঘূর্ণিঝড় বা ভূমিকম্পের সময় ঘরের ভিতরের আসবাবপত্র, বৈদ্যুতিক ও বৈদ্যুতিন সরঞ্জাম পড়ে বা ছিঁড়ে গিয়ে নষ্ট হতে পারে এবং মানুষকেও হতাহত করে। তাই এগুলিকে যথাযথভাবে কাঠামো বা দেওয়ালের সাথে শক্ত করে আটকে রাখার ব্যবস্থা করতে হবে।

পরিকাঠামো এবং গৃহনির্মাণ প্রবন্ধগুলির পরিকল্পনা, রূপায়ণ ও রক্ষণাবেক্ষণে বিবেচ্য বিশেষ বিষয়সমূহ সভ্যতার উন্নতির সাথে সাথে গ্রাম শহর সর্বত্র মানুষের দৈনন্দিন জীবনে বিভিন্ন সামগ্রী ও পরিষেবার প্রয়োজন দ্রুত বাড়ছে। কাজেই আর্থ-সামাজিক উন্নয়নের সঙ্গে অঙ্গঙ্গিভাবে জড়িয়ে গ্রাম শহর সর্বত্রই বাড়ছে রাস্তাঘাট, জলনিকাশী ব্যবস্থা (ড্রেন, কালভার্ট ইত্যাদি), বিদ্যুৎ ও পানীয় জল সরবরাহ ব্যবস্থা, ঘরবাড়ি দোকানপাট ইত্যাদি। বহু বছর ধরে অগণিত মানুষের বহু পরিশ্রমে সরকার ও দেশের মানুষের সমষ্টিগত বা ব্যক্তিগত বহু বহু অর্থব্যয়ে এগুলি তিলে তিলে বেড়ে উঠছে। কাজেই এগুলির নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কর্মকাণ্ডের প্রতিটি পদক্ষেপেই এগুলির দীর্ঘ স্থায়িত্বের ও কার্যকারিতার কথা মাথায় রেখে পরিকল্পনা, রূপায়ণ ও নিয়মিত মূল্যায়ন যথাযথভাবে করা আবশ্যিক। এই পরিকল্পনা, রূপায়ণ ও মূল্যায়নের ক্রিয়াকলাপের প্রত্যেকটির জন্যই মূলত ৪ (চারটি) বিশেষ বিবেচ্য বিষয় হল নির্মিত বস্তুটির/বস্তুগুলির যথাযথ দীর্ঘমেয়াদি কার্যকারীদের জন্য—

ক) যথাযথ পরিকল্পনা (Proper Planning)

খ) উপযুক্ত গুণমানসম্পন্ন নির্মাণসামগ্রী ও নির্মাণকৌশলের ব্যবহার (Quality of Materials & Workmanship)

গ) সম্ভবপর সর্বোচ্চ আয়ুদানের ব্যবস্থা (Durability aspect) অর্থাৎ দীর্ঘমেয়াদি কার্যকরী স্থায়িত্ব

ঘ) প্রাকৃতিক দুর্যোগ ও অগ্নিকাণ্ডজনিত বিপর্যয় প্রতিরোধ ব্যবস্থা (Disaster Resistance)— প্রাকৃতিক দুর্যোগের মধ্যে সবচেয়ে বেশি ক্ষতিকারক সাইক্লোন, বন্যা, ভূমিকম্প ও পাহাড়ি অঞ্চলে ভূমিধস (Landslide)— এই চারটিই প্রধান বিচার্য। বিস্ফোরণ ও সন্ত্রাসবাদী কার্যকলাপ সাধারণক্ষেত্রে বিবেচ্য নয়।

এই চারটি বিবেচ্য বিষয়ের প্রত্যেকটিকে আবার ২ (দুই)-টি মূল আঙ্গিকে বিচার করে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে— প্রতিটি বস্তুর ক্ষেত্রে—

১) কাঠামোর মজবুতি (Strength of structural elements)— তার জন্য উপরোক্ত ক, খ, গ, ঘ।

২) কাঠামো ছাড়া অপরাপর দিক (Non-structural elements)— তার জন্য উপরোক্ত ক, খ, গ, ঘ।

উদাহরণস্বরূপ, একটি চেয়ার বা টেবিলের মূল কাঠামোর মজবুতির উপর নির্ভর করে সেটি ব্যবহারের সময় ভেঙে পড়বে কি না— এটি কাঠামোগত (Structural) আঙ্গিক। অপরপক্ষে, সেটির সৌন্দর্য, আকার ও আয়তন (Shape and size), আরামের জন্য গদি, হাতল ইত্যাদি ব্যবহারের সুবিধার জন্য ভাঁজ করার ব্যবস্থা (foldability)-ড্রয়ার ইত্যাদি তার অকাঠামোগত (non-structural) দিক।

ইমরাত তৈরীর নির্দেশিকাগুলিকে একত্র করে BIS প্রকাশ করেছে National Building Code (SP:7)। এটি প্রতিটি কারিগরী সংস্থায় রাখা দরকার।

পরিকাঠামো

রাস্তা: রাস্তা তৈরির ক্ষেত্রে মূলত বিভিন্ন IRC (Indian Road Congress) Code ও Manual নির্দেশিকা হিসাবে ব্যবহার করতে হবে।

১) কাঠামোগত (Structural) বিষয়সমূহ—

ক) **পরিকল্পনা:** কাঁচা বা পাকা সব রাস্তা তৈরির পরিকল্পনার সময় রাস্তাকে যথেষ্ট চওড়া অথচ ন্যূনতম বাঁকসহ অর্থাৎ যথাসম্ভব সোজা (Straight) করার চেষ্টা করলে নির্মাণ ও মেরামতি খরচ কমবে এবং ব্যবহারের সুবিধা বাড়বে। রাস্তার উচ্চতা এমন হওয়া উচিত যাতে ভিক্তিস্তরটি (Subgrade) মাটির নীচে স্বাভাবিক জলস্তরের (Water Table) উপরে থাকে এবং রাস্তার প্রথম স্তরটির (Subbase) মধ্যে জল ঢুকলে তা বেরিয়ে যেতে পারে। Subgrade ও Subbase শুকনো থাকলে রাস্তা সহজে বসে যায় না। জলনিষ্কাশনের যথেষ্ট ব্যবস্থা রাস্তার দুই ধারে ও আড়াআড়িভাবে (Cross drainage) থাকলে রাস্তার নীচে জল জমতে পারে না, ফলে রাস্তার মজবুতি বাড়ে। রাস্তার ভিক্তিস্তরটি সম্ভাব্য সর্বোচ্চ বন্যার জলের লেভেলের ও ওপরে থাকা প্রয়োজন। এ ছাড়া রাস্তার দু-ধারে যথেষ্ট চওড়া (বড়ো রাস্তার ক্ষেত্রে অন্তত ৩ ফুট) জায়গা (একে কাঁধ বা Shoulder বলে) রাখতে হবে, এর উপরে যেন জল না জমে। রাস্তার উপরিতল ভেদ করেও যেন জল না ঢোকে। যানবাহনের ওজন, গতি ইত্যাদি অনুযায়ী রাস্তার স্তরগুলি ও বাঁকগুলি তৈরি করতে হবে। সমস্ত কাজটিই উপযুক্ত কারিগরি নির্দেশমতো হওয়া দরকার।

খ) **গুণমান:** পরিকল্পনা যতই ভালো হোক নির্মাণসামগ্রী ও নির্মাণের গুণমান যথেষ্ট ভালো না হলে সে-রাস্তা কার্যকরী হবে না। সঠিক বৈজ্ঞানিক উপায়ে উপযুক্ত কারিগরি সহায়ে ও সংশ্লিষ্ট নির্দেশিকাসমূহ (IRC Code/Manuals) অনুসারে নির্মাণ ও মেরামতির কাজ করতে হবে।

গ) **দীর্ঘস্থায়িত্ব:** উপরোক্তভাবে রাস্তার কাজ হলে তার স্থায়িত্ব স্বাভাবিক হবে— এখন অনেক ক্ষেত্রেই যেমন দেখা যায় এত কম হবে না। স্বাভাবিকের চেয়ে স্থায়িত্ব আরও বেশি বাড়তে হলে বিশেষ কিছু অতিরিক্ত কারিগরি ব্যবস্থা নেওয়া যেতে পারে যা তুলনামূলকভাবে বেশি ব্যয়বহুল হবে।

ঘ) **বিপর্যয় প্রতিরোধ ব্যবস্থা:** যথাযথভাবে পরিকল্পিত ও নির্মিত রাস্তায় দুর্ঘটনা ঘটার সম্ভাবনা কমে। রাস্তার ভিত্তিস্তর জলে না ডুবলে বন্যায়ও এরূপ রাস্তার তেমন একটা ক্ষতি নাও হতে পারে।

২) অ-কাঠামোগত (Non-Structural) বিষয়সমূহ:

ক) **পরিকল্পনা:** গ্রাম শহর সর্বত্রই জনসংখ্যা অত্যধিক দ্রুত বাড়ছে, সাথে সাথে বাড়ছে রাস্তাগুলিতে যানবাহন ও লোকজন চলাচলের ভিড়। এই বৃদ্ধির সঙ্গে সংগতি রেখে প্রতিটি বড়ো রাস্তার (Major Road) পরিকল্পনা পরবর্তী ৫০ বছর এবং প্রতিটি ছোটো রাস্তার (Minor Road) পরিকল্পনা পরবর্তী ৩০ বছরের ট্রাফিক চলাচল বৃদ্ধিকে মাথায় রেখে করা উচিত। রাস্তাকে জমাজলমুক্ত রাখার জন্য যথেষ্ট নিকাশী ব্যবস্থা থাকা প্রয়োজন।

খ) **গুণমান ও গ) দীর্ঘস্থায়িত্বের জন্য** প্রতিটি অ-কাঠামোগত (non-structural) নির্মাণের ক্ষেত্রেই যথেষ্ট নজর রাখতে হবে।

ঘ) **বিপর্যয় প্রতিরোধ:** রাস্তার বাঁকের জায়গাগুলি যথার্থ কারিগরি নির্দেশমতো করতে হবে নতুবা সেই অংশে ছোট ছোট গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে চাকা হড়কে গিয়ে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা বাড়ে এবং রাস্তাও দ্রুত খারাপ হয়ে যায়। বাঁকের অংশে বিপরীত দিক থেকে ধেয়ে আসা দুটি গাড়ির চালকেরা যাতে যথেষ্ট দূর থেকেই একে অপরকে দেখতে পারেন সে-ব্যবস্থাও পথ-নিরাপত্তার জন্য রাখা জরুরি। রাস্তার বিভিন্ন অংশে যথাযথ ট্রাফিক সিগনালের ও তদারকির ব্যবস্থাও রাখতে হবে এবং গাড়িচালক ও পথচারীদের তা মানতে বাধ্য করতে হবে। রাস্তার একেবারে গায়ে কোনো ঘরবাড়ি বা বড়ো গাছপালা যা গতিশীল গাড়ির চালকের দৃষ্টিপথে বাধা সৃষ্টি করতে পারে তা থাকা উচিত নয়। প্রতিটি গুরুত্বপূর্ণ ও অধিক যানবাহন চলে এমন রাস্তার মাঝে বিভাজক (Divider) দিয়ে একই রাস্তায় চলাচল একমুখী (one way) করা এবং বিকল্প রাস্তার (by pass) ব্যবস্থা করা জরুরি।

জলনিকাশী ব্যবস্থা (Drainage)

১) কাঠামোগত বিষয়সমূহ:

ক) **পরিকল্পনা:** রাস্তার মতোই জলনিকাশী ব্যবস্থা তৈরির ক্ষেত্রেও বড়ো ড্রেনগুলি (major drains) অন্তত পরবর্তী ৫০ বছর এবং ছোটো (minor) ড্রেনগুলি পরবর্তী ৩০ বছরের জন্য কার্যকরী যাতে থাকে সেইমতো পরিকল্পনা করা উচিত। জনসংখ্যাবৃদ্ধিজনিত কারণ ছাড়াও পৃথিবীর উষ্ণায়নজনিত অতি বৃষ্টিতে মাথায় রেখে পয়ঃপ্রণালীগুলির জল বহন ক্ষমতা যথেষ্ট রাখতে হবে। এক্ষেত্রে আবহাওয়া অফিস (IMD) থেকে তথ্য নিতে হবে।

খ) **গুণমান:** পৌর অঞ্চলে নিকাশী ব্যবস্থা তৈরির ক্ষেত্রে গুণমানের দিকটিকে ঘরবাড়ি তৈরির মতোই যথেষ্ট গুরুত্ব দিতে হবে। সিমেন্ট দ্বারা তৈরি অংশগুলির ক্ষেত্রে ঘরবাড়ির ক্ষেত্রে প্রযোজ্য BIS কোডগুলিই মানতে হবে। আজকাল এই কাজে সিমেন্ট ছাড়া অন্যান্য নমনীয় পদার্থও ব্যবহৃত হচ্ছে। প্রতিটি অংশে যথাযথ ঢাল (slope) রাখতেই হবে।

গ) **দীর্ঘস্থায়িত্ব:** পরিকল্পনা, নির্মাণকাজের গুণমান এবং বিপর্যয় প্রতিরোধ ব্যবস্থা যথাযথ হলে নিকাশী ব্যবস্থা কার্যকরী ও দীর্ঘস্থায়ী হবে বলে আশা করা যায়।

ঘ) **বিপর্যয় প্রতিরোধ ব্যবস্থা:** নিকাশী নালা ছোটো বা বড়ো যাই হোক, তার পরিকল্পনা ও নির্মাণ সেই অঞ্চলের সম্ভাব্য ভূমিকম্প প্রতিরোধী করে তাকে যেন গড়ে তোলে। সাইক্লোনের সময় অল্পসময়ের মধ্যে অত্যধিক বৃষ্টিপাত হতে পারে। সেই জল অথবা বন্যা হলে সে-ক্ষেত্রেও প্রতিটি নালাকে স্বাভাবিকের চেয়ে বেশি জল বহন করতে হবে। কাজেই নালানর্দমাগুলিকে যথেষ্ট বড়ো ও মজবুত করে তৈরি করতে হবে। ভূমিকম্প প্রতিরোধের জন্য কিছু বিশেষ কারিগরি ব্যবস্থা করতে হবে যার জন্য বর্তমানের তুলনায় খরচ সামান্য বাড়তে পারে। বড়ো ইটগাথুনির (Masonry) নালার ক্ষেত্রে নালার দেয়াল ও মেঝেতে লস্কালসি ও খাড়া ঢালি ব্যান্ড (RCC Band) দিয়ে মজবুতি বাড়ানো যায়। আজকাল নমনীয় (flexible) পদার্থের তৈরি নালার ব্যবহার শুরু হয়েছে। পয়ঃপ্রণালীর মধ্যে জলের প্রবাহ যাতে রুদ্ধ না হয় (যেমন প্লাস্টিক ব্যাগ

ও আবর্জনা দ্বারা) সে জন্য কিছু বিশেষ কারিগরি ব্যবস্থা যেমন রাখা প্রয়োজন তেমনি জনসাধারণের জন্য সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা এবং কিছু আইনি কড়াকড়ি থাকা দরকার।

২) অ-কাঠামোগত বিষয়সমূহ:

ক) পরিকল্পনা: নিকাশী ড্রেনের নির্মাণের পরিকল্পনায় বাস্তবসম্মত যথেষ্ট ঢাল (slope) সমস্ত ক্ষেত্রেই রাখতে হবে। ড্রেনের ঢাল ভূপৃষ্ঠের স্বাভাবিক ঢাল (natural slope)-এর দিকেই যথাসম্ভব রাখার চেষ্টা করতে হবে। ড্রেনের গভীরতা এমনভাবে রাখতে হবে যেন বাইরের জল (surface water) ছাড়াও রাস্তার সমস্ত স্তরের ভিতরে ঢোকা জল ড্রেনে সহজে চলে আসে এবং রাস্তাকে শুকনো রাখে। ছোটো বড়ো সব পয়ঃপ্রণালীরই ঢাল, গভীরতা ও প্রস্থ বিজ্ঞানসম্মতভাবে কারিগরি নিয়মানুযায়ী করতে হবে, আন্দাজে নয়। দুর্গন্ধযুক্ত নালা থেকে যাতে পরিবেশ দূষণ না হয় সেজন্য ঢাকনা ইত্যাদির ব্যবস্থা করা প্রয়োজন। নিয়মিত পরিষ্কার এবং মেরামতির বন্দোবস্ত যথোপযুক্ত হওয়া চাই। রক্ষণাবেক্ষণ ও ধারাবাহিক কার্যকারিতার জন্য প্রয়োজনীয় আইনি ব্যবস্থা রাখতে হবে।

